# উপজেলা পরিষদ
## গোলাপগঞ্জ, সিলেট

**জানুয়ারি/২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মিলটন চন্দ্র পাল, প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
স্থানঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময়ঃ ২৮ জানুয়ারি ২০২৫ খ্রিঃ সকাল ১১.৩০ ঘটিকা ।

(সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত)

সভার প্রারম্ভে সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ পরিচালনা করেন। সভায় আলোচ্য সূচি অনুযায়ী বিভিন্ন দপ্তরের ভিন্ন ভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১ | বিগত সভার কাযবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কাযবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরনীর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ২ | পরিষদে হস্তান্তরিত/ন্যাস্তকৃত বিভাগ সমূহের কার্যাবলীঃ | | | |
| ২/১ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থিত সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এবং পরিষদের সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে প্রকৌশলী তার বক্তব্য উপস্থাপন করেন। বক্তব্যের শুরুতে তিনি জানান যে, বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলমান রয়েছে। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা ২০২৪-২০২৫ অর্থ বছরের গৃহীত উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের জন্য গত মাসের মাসিক সভায় প্রকল্প অনুমোদন দেয়ায় পরিষদের সকল সদস্যদের প্রতি তিনি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং দরপত্র প্রক্রিয়া চলমান রয়েছে মর্মে জানান। আগামী ফেব্রুয়ারী মাসের মাঝামাঝি সময়ে দরপত্র গ্রহণ করা হবে এবং মার্চ মাসের শুরুতেই চুক্তি সম্পাদন পূর্বক মার্চ/এপ্রিল ২০২৫ইং এর মধ্যে শতভাগ উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন করা যাবে মর্মে উপজেলা প্রকৌশলী আশা প্রকাশ করেন।<br>উপজেলা প্রকৌশলী আরো জানান যে, গত অক্টোবর ২০২৪ইং মাসের মাসিক সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে ডরমেটরী ভবনের জানালার গ্রীল, টিনশেড ভবনের CI sheet & Celling ও দরজার ফ্রেম এবং শাপলা ভবনের নিচতলায় ৩টি দরজার পাল্লা মেরামতের জন্য ১,৮২,৮৩৪.০০ (এক লক্ষ বিরাশি হাজার আটশত চৌত্রিশ) টাকার অনুমোদন পাওয়া যায়। মেরামত কাজ চলাকালীন টিনশেড ভবনের CI sheet/Truss মেরামতের পরিমাণ বৃদ্ধি পায় এবং একটি জানালা জরুরী পুনঃস্থাপন প্রয়োজন হয় বিধায় প্রাক্কলনটি বৃদ্ধি পেয়ে ১,৯৯,০৬০.০০ (এক লক্ষ নিরানব্বই হাজার ষাট) টাকায় দাড়ায়; যাহা পুনঃ অনুমোদন প্রয়োজন।<br>তিনি আরো জানান যে, উপজেলা নির্বাহী অফিসার মহোদয় যোগদান পরবর্তী বাংলো বসবাস উপযোগী করার লক্ষ্যে কিছু সংস্কার/মেরামত সম্পন্ন করার প্রয়োজন হয়েছে। যেখানে আনুমানিক ২,৮০,৬৮৪.০০ (দুই লক্ষ আশি হাজার ছয়শত চুরাশি) টাকা ব্যয় হবে; যাহা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত খাত হতে ব্যয় নির্বাহ করা যেতে পারে মর্মে তিনি জানান। | উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল (থোক বরাদ্দ ও রাজস্ব উর্দ্বৃত্ত) দ্বারা গৃহীত ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা এপ্রিল/মে ২০২৫ইং এর মধ্যে শেষ করার কার্যকরী পদক্ষেপ নেওয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হলো। উপজেলা পরিষদের অভ্যন্তরে বিদ্যমান ডরমেটরী ভবন মেরামতের সংশোধিত প্রাক্কলন এবং উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাংলো বসবাস উপযোগী | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | করার লক্ষ্যে প্রস্তুতকৃত সংস্কার/মেরামতের প্রাক্কলন ২টি পরিষদ কর্তৃক সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২/২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে বহিঃবিভাগে চিকিৎসা প্রাপ্ত রোগীর সংখ্যা ২৩,৯৫৬জন, অন্তঃবিভাগে ভর্তিকৃত রোগীর সংখ্যা ৬৫৫২ জন, ইর্মাজেন্সি বিভাগে সেবা প্রাপ্ত ৩২৯৮৩ জন, নরমাল প্রসব সেবা ৭০ জন, ইপিআই টিকার হার ৯৮ ভাগ, ইসিজি ১৬৩ টি, সিজারিয়ান প্রসব সেবা ০২ জন। ল্যাব টেষ্ট ৪৮০। আরবিএস ১৩৫। হাসপাতালে লোকবল স্বল্পতার জন্য স্বাস্থ্য সেবা সমূহ বিঘ্নিত হচ্ছে। | হাসপাতালে লোকবল স্বল্পতার জন্য স্বাস্থ্য সেবা সমূহ বিঘ্নিত হওয়ার বিষয়ে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিতকরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা স্বাস্থ্যওপ.প. কমকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৩ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগ সম্পর্কে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় আবশ্যিকভাবে উপস্থিতি নিশ্চিতের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প.প. কমকর্তা |
| ২/৪ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, এ বছর রবি মৌসুমে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৭৭০০ হেক্টর। এ পর্যন্ত অর্জিত হয়েছে ৪৭৩০ হেক্টর। এ বছর গোলাপগঞ্জ উপজেলায় গোয়ালগাদ্দা সীমের আবাদ হয়েছে ৮৮৯ হেক্টর। সরিষা আবাদ হয়েছে ৭৩০ হেক্টর। আনারস চাষের বৃদ্ধির জন্য আনারস প্রনোদনা বিতরন করা হবে যেখানে একজন কৃষক .৫ বিঘা জমির জন্য ২২৫০ টি আনারস চারা পাবেন। মোট ১৮ জন কৃষককে আনারস প্রনোদনা দেয়া হবে। রবি মৌসুমের অনাবাদি জমি চাষের আওতায় আনয়নের জন্য বুধবারী বাজার ইউনিয়নের কালিজুরী খাল খননের প্রস্তাব করেন। এ খাল খনন করা গেলে প্রায় ৫০০ বিঘা জমি রবি মৌসুমে চাষের আওতায় আসবে। | বুধবারী বাজার ইউনিয়নের কালিজুরী খাল খননের জন্য বিএডিসি সেচকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ /উপজেলা কৃষি কমকর্তা |
| ২/৫ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান, জেলেদের নিবন্ধনের তালিকা হালনাগাদকরনের জন্য সকল ইউপি চেয়ারম্যান এবং সংশ্লিষ্ট অন্যান্য সকলের সহযোগিতা কামনা করা হয়। যে সকল মৎস্যজীবী এখনও জেলে আইডি কার্ড পায়নি তাদেরকে জেলে নিবন্ধন হিসেবে আবেদনের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | জেলেদের নিবন্ধন তালিকা হালনাগাদকরন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সি. উপজেলা মৎস্য কমকর্তা |
| ২/৬ | প্রাণি সম্পদ বিভাগ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান, বিগত মাসে গবাদি পশুর চিকিৎসা ২০৭৫ টি, হাঁস মুরগীর চিকিৎসা ১৬৬২২ টি, কৃত্রিম প্রজনন ২২২ টি, গবাদি পশুর টিকা প্রদান ২৮৬০ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ৩৪০০০ টি, উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারন ৩.৫৫একর, উঠান বৈঠক আয়োজন | গবাদি পশু ও হাঁস মুরগীর টিকা কার্যক্রমের ধারাবাহিকতা | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | ০৬ টি, ভেকসিনেশন ক্যাম্পেইন ০৫ টি, ফ্রি ভেটেরিনারী মেডিকেল টিম ০১ টি। | সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৭ | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরের কাবিখা, কাবিটা ও টিআর প্রকল্পের ক্ষেত্রে মাটির কাজ এর প্রকল্পের পরিমাণ কমিয়ে পাকা কাজের প্রকল্প বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হয়। দাখিকৃত প্রকল্পের বিধি মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন ও দ্রুত সময়ে অত্রাঅফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হয়। | কাবিখা, কাবিটা ও টিআর প্রকল্প কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৮ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, বিনামূল্যে বিতরনযোগ্য পাঠ্যপুস্তক যখনই আমাদের হস্তগত হয় তাহা তাৎক্ষনিকভাবে বিতরনের ব্যবস্থা করা হয়। এ পর্যন্ত মোট চাহিদার ৪০% ভাগ পুস্তক পাওয়া গিয়েছে। ডিসেম্বর/২৫ মাসের মাসিক সাধারন সবার কার্যবিবরনী মোতাবেক ব্যবস্থা নিতে উপজেলা প্রকৌশলী, এলজিইডি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়। | পাঠ্যপুস্তক দ্রুত আসার ব্যবস্থা করা সহ সুষ্ঠুভাবে বিতরন কার্যক্রমের ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১০ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারি প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান, সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দকৃত নলকুপের তালিকা দ্রুত প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করেন। এছাড়া মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ, হাইজিন ও স্বাস্থ্য পরিচর্যা প্রকল্পের আওতায় টুইনপিট ল্যাট্রিন এর স্থান নির্বাচন হয়। কার্যক্রম চলমান আছে। ইউনিডিপি এর লোক জন উক্ত কাজ করছে। | ২০২৪-২৫ অর্থবছরের বরাদ্দকৃত নলকুপের তালিকা দ্রুত প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের অনুরোধ করা | প্রশাসকউপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | হয়। | |
| ২/ ১১ | সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান, উপজেলা সমাজসেবা কার্যালয়ের ২০২৪-২৫ অর্থ বছরের দ্বিতীয় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। গোলাপগঞ্জ উপজেলার বয়স্ক বিধবা ও প্রতিবন্ধী উপকারভোগী যারা আছেন তাদের সকলের মোবাইল (নগদ) একাউন্টে টাকা পাঠানো হয়েছে। ইতিমধ্যে গোলাপগঞ্জ উপজেলায় বরাদ্দকৃত বয়স্কভাতা ১১০২ জন এবং বিধবা ভাতার জন্য ১৫২৭ জন উপকারভোগীর জন্য বরাদ্দ এসেছে এবং এ বিষয়ে সকল ইউপি চেয়ারম্যানকে অবহিত করা হয়েছে। সকল চেয়ারম্যানকে আবেদনকৃত তালিকা হতে সার্বিক উপকারভোগী যাছাই করে আগামী ১২/০২/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা সমাজসেবা কার্যালয়ে পাঠানোর জন্য অনুরোধ করা হলো। | বয়স্ক ও বিধবা ভাতার কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমাজসেবা কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১২ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, জানুয়ারি/২৫ মাসে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন সংক্রান্ত প্রশিক্ষন প্রাণিসম্পদ অফিস মিলনায়তনে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষিত খামারীদের মধ্যে ইতিমধ্যে ২ জন খামারী নিজ বাড়ীতে/খামারে বায়োগ্যাস প্লান্ট স্থাপনের কাজ সমাপ্ত করেছেন। চলতি অর্থবছরে আরো ১০ টি প্লান্ট স্থাপন করার লক্ষ্যমাত্রা আছে। অফিসের জনবল স্বল্পতার জন্য এপিএ মোতাবেক কার্যক্রম পরিচালনা করতে সমস্যা হচ্ছে। তদুপরি স্বল্প জনবল নিয়ে সার্বিকভাবে কাজ চালিয়ে যাওয়া হচ্ছে। জেলা প্রশিক্ষণ কেন্দ্র গুলিতে প্রশিক্ষনার্থী মনোনয়ন দেয়ার জন্য সকল চেয়ারম্যান মহোদয়কে আহবান জানানো যাচ্ছে। | বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপন কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, ২০২৪-২৫ অর্থবছরে ঋণ বিতরন ১৩.৭৮ লক্ষ টাকা এবং ঋণ আদায় ২২.৫০ লক্ষ টাকা। বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিক চলছে। | উপকারভোগীদের ঋণ আদায়ের হার বাড়ানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা পল্লী উন্নয়ন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৪ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, চলতি মাসে ২৫ জন সমবায় সমিতির সদস্যকে দিনব্যাপী সমবায় ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষন প্রদান করা হয়েছে এবং অডিট সম্পন্ন হয়েছে ৮১ টি। | অডিট কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা সমবায় কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৫ | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অভ্যন্তরীন আমন সংগ্রহ ২০২৪-২৫ কার্যক্রম চলমান রয়েছে। অত্র উপজেলায় সংগ্রহ লক্ষ্যমাত্রা ধান ৬৬১.০০০ মে.টন, সিদ্ধ চাল ৩০.০০০ মে.টন এবং আতপ চাল ৭৪.০০০ মে.টন। সংগ্রহের পরিমাণ সিদ্ধ চাল ৩০.০০০ এবং ধান ১১৬.০০০ মে.টন সংগ্রহ করা হয়েছে। | ধান সংগ্রহ কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৬ | মহিলা বিষয়ক অধিদপ্তর | মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, ২০২৫-২৬ চক্রের ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় প্রাথমিক আবেদন গ্রহণের ব্যাপারে অদ্যাবধি সদর কার্যালয় হতে কোন নির্দেশনা পাওয়া যায়নি; নির্দেশনা প্রাপ্ত হলেই সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হবে। মাও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রত্যেক ইউনিয়ন হতে প্রতি মাসে ৯ জন আবেদনকারীর নাম উপজেলা কমিটিতে অনলাইন সুপারিশ প্রেরণ এবং হার্ডকপি প্রেরণের জন্য বারবার | মাও শিশু সহায়তা কর্মসূচী কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কমকর্তা |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | বলা হলেও নভেম্বর/২৪ হতে কোন ইউনিয়ন হতে পাওয়া যায়নি। এছাড়া গোলাপগঞ্জ পৌরসভায় প্রতিমাসে ১৮ জন করে সুপারিশ প্রেরণের জন্য নির্দেশনা থাকলেও অদ্যাবধি কোন আবেদনের অনুমোদনের জন্য সুপারিশ পাওয়া যায়নি। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, যে সব ভাতাভোগীর নিজ নামে মোবাইল সীম রেজিষ্ট্রেশন ও নিজ নামে একাউন্ট/ মোবাইল পেমেন্ট একাউন্ট না থাকে তাদের ভাতার টাকা ইএফটি রিটার্ন বা বাউন্স ব্যাক হচ্ছে এবং সফটওয়্যার কর্তৃক স্বয়ংক্রিয়ভাবে নিষ্ক্রিয় করা হচ্ছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৭ | বন বিভাগ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখতে ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা বন কমকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৮ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় জানান, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। বর্তমানে কোন লোডশেডিং নেই। দাপ্তরিক কার্যক্রম স্বাবাবিক ভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারাবাহিকতা সুষ্ঠুভাবে অব্যাহত রাখার জন্য ডিজিএম পল্লীবিদ্যুৎকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ ডিজিএম /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ১৯ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক সভায় সভায় জানান, মোট সমিতির সংখ্যা ২৮১ টি, মোট সদস্য ১০৭৯৫ টি, মোট আউট স্ট্যাডিং ১৭ কোটি মাসিক আদায় ১ কোটি ১৫ লাখ টাকা মাত্র । মোট ইনকাম ৬ লক্ষ ৯০ হাজার টাকা। সিলেট জেলার মধ্যে ২য় স্থানে আছে। | ঋণ আদায়ের হার বাড়ানোর জন্য শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২০ | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন বিভাগ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান, বিগত মাস পর্যন্ত ঋণ বিতরন ৯৬ লক্ষ ৭৫ হাজার টাকা, ঋণ আদায় ১৩১ লক্ষ ২৬ হাজার টাকা। হার ৯৪%। মোট পাওনা ২ কোটি ১৩ লক্ষ ২৯ হাজার টাকা। সুফলভোগীদের সংখ্যা ৬১৮ জন। সুফল ভোগীদের সঞ্চয় জমার পরিমান ৬৯ লক্ষ ০৪ হাজার টাকা। | ঋণ আদায়ের লক্ষমাত্রা বাড়ানোর জন্য পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সচেষ্ট থাকবেন। | প্রশাসক উপজেলাপরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২/ ২১ | বিএডিসি বিভাগ | উপসহকারী প্রকৌশলী সভায় জানান, সিলেট বিভাগ ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্পটি একনেকের মাধ্যমে পাশ হয়েছে। আগামী ২০২৫-২৬ অর্থ বছর হতে খাল পুন:খনন সহ বিভিন্ন সেচ কাঠামোর কার্যক্রম করা যাবে। সকল ইউপি চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে সকলের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা সেচ কমিটির সভার মাধ্যমে জরুরী কাজ গুলো প্রথমে শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ উপসহকারী প্রকৌশলী বিএডিসি /সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২২ | চেয়ারম্যান ঢাকাদক্ষিন ইউপি | চেয়ারম্যান, ঢাকাদক্ষিন ইউপি সভায় জানান, ঢাকাদক্ষিন বাজারের ময়লা সমূহ পুরান রায়গড় ব্রীজের দক্ষিণ পাশের রাস্তার পশ্চিমে ফেলার জন্য প্রস্তাব উত্তাপন করেন। | সংশ্লিষ্ট বিষয়টি ইউনিয়ন পরিষদের মাসিক সভায় অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৩ | চেয়ারম্যান লক্ষনাবন্দ ইউপি | চেয়ারম্যান, লক্ষনাবন্দ ইউপি সভায় জানান, উপজেলা হাটবাজার তহবিলের ১৫% খাতের এর টাকা ছাড় দেওয়ার প্রস্তাব উত্তাপন করেন। | সংশ্লিষ্ট বিষয়টি উপজেলা হাটবাজার ব্যবস্থাপনা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হবে। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহীঅফিসার/ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| ২/ ২৪ | বিবিধ | (ক) উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ ৫৪,৬৯৯/- বিল সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>(খ) উপজেলা পরিষদের পানির পাম্প মেরামত বাবদ ২৫,০০০/- এবং সিসি ক্যামেরার যন্ত্রপাতি ক্রয় ও মেরামত বাবদ ৫০,০০০/- বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | (ক) ভূমি উন্নয়ন কর পরিশোধ বাবদ ৫৪,৬৯৯/- বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) পানির পাম্প মেরামত বাবদ ২৫,০০০/- এবং সিসি ক্যামেরার যন্ত্রপাতি ক্রয় ও মেরামত বাবদ ৫০,০০০/-বিল উপজেলা পরিষদের রাজস্ব তহবিল থেকে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| বিগত সভার নিয়মিত রাজস্ব ব্যয়অনুমোদন ও অবহিতকরন | | জনাব আব্দুস সোবহান, পরিচ্ছন্নতাকর্মী ও ফাহিমা বেগম, মালীর নভেম্বর/২৪ মাসের মজুরী বাবদ (১১,০০০/-+১১০০০/-) চেক প্রদান চেক নং৮৪০৪১৯৮-৯ তাং ৪/১২/২৪।জনাব রাহেল আহমদ, অফিস সহায়ককে সেপ্টেম্বর-নভেম্বর/২৪ মাসের ইন্টারনেট বিল বাবদ ১৮০০০/- চেকপ্রদান চেক নং ৮৪০৪২০০ তাং৪/১২/২৪। মেসার্স তাহসিন এন্টারপ্রাইজ বরাবর আনসার গার্ডসেড নির্মাণ কাজের জামানত বাবদ ২৫৪৯১/- চেক প্রদান চেক নং৮৪০৪২০২ তাং১১/১২/২৪।সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ বকেয়া | বিগত বিভিন্ন সভায় উপজেলা পরিষদ তহবিল হতে ব্যয় মাসিক সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়েছে সেগুলোর | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিদ্যুৎ ১৪ টি মিটার বাবদ ৪৪০৮৩/- চেক প্রদান চেক নং৮৪০৪২০৩ তাং১১/১২/২৪। | চেক বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্টানের অনুকূলে বিভিন্ন সময়ে হস্তান্তর করা হয়েছে যা সভায় উপস্থিত সকলকে অবহিত করা হয় এবং পিপি আর ২০০৮ অনুসরন পূর্বক ব্যয় করার নিমিত্তে সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি জনাব মিলটন চন্দ্র পাল গোলাপগঞ্জ উপজেলার সার্বিক উন্নয়ন কর্মকান্ড নিয়ে আলোচনার জন্য ইউপি চেয়ারম্যান, বিভাগীয় প্রধান এবং সভায় সংশ্লিষ্ট অন্যান্য সদস্যগণকে পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জানান। । উপজেলার সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সিদ্ধান্তের ভিত্তিতে অগ্রগতি প্রতিবেদন এবং কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত উন্নয়ন কর্মকান্ডের তালিকা প্রতি মাসের ৩০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণের জন্য জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি উপজেলা পরিষদের মাসিক সাধারন সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০১/২৫

মিলটন চন্দ্র পাল
প্রশাসক
উপজেলা পরিষদ
গোলাপগঞ্জ, সিলেট

স্মারকনং-০৫.৪৬.৯১৩৮.০০০.১৬.০০১.১৯.১১৩ তারিখঃ ২৮/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০৬। প্রশাসক, গোলাপগঞ্জ পৌরসভা।
০৭। নির্বাহী প্রকৌশলী------------------------------- সিলেট।
০৮। উপজেলা------------------------------------------ অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৯। চেয়ারম্যান--------------------------------------------- ইউপি (সকল), গোলাপগঞ্জ।
১০। অফিস নথি/ মাষ্টার ফাইল।

২৮/০১/২৫

মিলটন চন্দ্র পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কমকর্তা
গোলাপগঞ্জ উপজেলা পরিষদ
সিলেট।
email:unogolapganj@mopa

CamScanner

পরিশিষ্ট "ক" সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভায় সম্মানিত সদস্যবৃন্দ | সভায় উপস্থিত প্রতিনিধিবৃন্দ | সভায় উপস্থিত সদস্যবৃন্দ |
|---|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০২ | মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান,০ ১ নং বাঘা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, ০২ নং গোলাপগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৫ | চেয়ারম্যান, ০৩ নং ফুলবাড়ি ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৬ | চেয়ারম্যান, ০৪ নং লক্ষীপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৭ | চেয়ারম্যান, ০৬ নং ঢাকাদক্ষিন ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৮ | চেয়ারম্যান, ০৭ নং লক্ষনাবন্দ ইউপি | - | স্বাক্ষরিত |
| ০৯ | চেয়ারম্যান, ০৮ নং ভাদেশ্বর ইউপি | - | স্বাক্ষরিত |
| ১০ | চেয়ারম্যান, ০৯ নং আমুড়া ইউপি | - | স্বাক্ষরিত |
| ১১ | চেয়ারম্যান, ১০ নং বাদেপাশা ইউপি | - | স্বাক্ষরিত |
| ১২ | চেয়ারম্যান, ১১ নং শরীফগঞ্জ ইউপি | - | স্বাক্ষরিত |
| ১৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৪ | উপজেলা প্রকৌশলী | - | স্বাক্ষরিত |
| ১৫ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৬ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৮ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ১৯ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২০ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | - | স্বাক্ষরিত |
| ২১ | উপসহকারী প্রকৌশলী বিএডিসি | - | স্বাক্ষরিত |
| ২২ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৩ | ডিজিএম পল্লীবিদ্যুৎ | - | স্বাক্ষরিত |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৫ | উপজেলা সমবায় কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৬ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা | - | স্বাক্ষরিত |
| ২৭ | ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র, গোলাপগঞ্জ | - | স্বাক্ষরিত |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

| ক্র.নং | সভার সদস্যবৃন্দ | মন্তব্য |
|---|---|---|
| ১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ২ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ৩ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ৪ | চেয়ারম্যান, ০৫ নং বুধবারীবাজার ইউপি | |

CamScanner